

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।

বিআরপিডি সার্কুলার লেটার নং- ৪৭

২৪ সেপ্টেম্বর ২০২০  
তারিখ: -----  
০৯ আশ্বিন ১৪২৭

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

ক্রেডিট কার্ডের উপর সুদ/মুনাফা হার নির্ধারণ প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে ১১ মে ২০১৭ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-০৭ এবং ০৩ আগস্ট ২০১৭ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-১০ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। বিআরপিডি সার্কুলার নং-০৭/২০১৭ এর মাধ্যমে জারিকৃত Guidelines on Credit Card Operations of Banks এর অনুচ্ছেদ নং-১২(সি) এ ক্রেডিট কার্ডের উপর সুদ/মুনাফা হার সংশ্লিষ্ট ব্যাংকের অন্যান্য ঋণের সর্বোচ্চ সুদ/মুনাফা হারের চেয়ে ৫% এর বেশী হবে না এবং ক্রেডিট কার্ডের সুদ/মুনাফা হার কেবলমাত্র অপরিশোধিত বকেয়া স্থিতির উপর প্রযোজ্য হবে মর্মে নির্দেশনা প্রদান করা হয়। উক্ত গাইডলাইনের অনুচ্ছেদ নং- ৬(বি) এর নির্দেশনা অনুযায়ী ক্রেডিট কার্ড এ নির্ধারিত লিমিটের সর্বোচ্চ ৫০% আগাম হিসেবে নগদে উত্তোলন করা যাবে এবং অনুচ্ছেদ নং- ১৫(সি) এর নির্দেশনা অনুযায়ী ক্রেডিট কার্ডের বিপরীতে গ্রাহককে কোন unsolicited ঋণ অথবা অন্য কোন সুবিধা প্রদান করা যাবে না। কিন্তু সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, উক্ত নির্দেশনা লংঘন করে কোন কোন ব্যাংক ক্রেডিট কার্ডের বিপরীতে বিভিন্ন নামে বিভিন্ন প্রকার নগদে উত্তোলনযোগ্য ঋণ সুবিধা প্রদান করছে যা ব্যাংকের ঋণ ঝুঁকি বৃদ্ধি করছে এবং এ ধরনের ঋণের উপর flat rate এ অযৌক্তিকভাবে বেশী সুদ আরোপ/আদায় করছে যা গ্রাহকের স্বার্থ ক্ষুণ্ণ করছে। তাছাড়া, কোন কোন ব্যাংক ক্রেডিট কার্ডের অপরিশোধিত বকেয়া বিলের উপর লেনদেনের তারিখ হতেই সুদ আরোপ এবং অপরিশোধিত বিলের বিপরীতে progressive rate এ বিলম্ব ফি আদায় করছে।

৩। বর্ণিত অবস্থায়, ক্রেডিট কার্ড লিমিটের বিপরীতে ঋণ সুবিধা প্রদানসহ সুদ/মুনাফা হার যৌক্তিকীকরণ এবং গ্রাহকের স্বার্থ সংরক্ষণকল্পে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছেঃ

(ক) ক্রেডিট কার্ডের উপর সুদ/মুনাফা হার ২০% এর অধিক নির্ধারণ করা যাবে না;

(খ) ক্রেডিট কার্ডের বিল পরিশোধের জন্য নির্ধারিত সর্বশেষ তারিখের অব্যবহিত পরের দিন হতে ক্রেডিট কার্ডের অপরিশোধিত বিলের উপর সুদ/মুনাফা আরোপযোগ্য হবে। এক্ষেত্রে কোনভাবেই লেনদেনের তারিখ হতে সুদ আরোপ করা যাবে না ;

(গ) বিদ্যমান নীতিমালা অনুযায়ী ক্রেডিট কার্ডের বিপরীতে সর্বোচ্চ ৫০% নগদে উত্তোলনযোগ্য ঋণ সুবিধা ব্যতীত অন্য কোন নামে নগদে উত্তোলনযোগ্য ঋণ সুবিধা প্রদান করা যাবে না; এবং

(ঘ) বিলম্বে পরিশোধিত কোন বিলের বিপরীতে শুধুমাত্র একবার বিলম্ব ফি (অন্য যে নামেই অভিহিত হোক না কেন) আদায় করা যাবে।

উল্লিখিত নির্দেশনা ব্যতীত Guidelines on Credit Card Operations of Banks এর অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

এ নির্দেশনা ০১ অক্টোবর ২০২০ তারিখ হতে কার্যকর হবে।

ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হল।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ নজরুল ইসলাম)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০২৫২